

## 💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইকামত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## আযানের শব্দাবলী

```
মহানবী (ﷺ) এর মুআযযিন ছিল মোট ৪ জন। মদ্বীনায় ২ জন; বিলাল বিন রাবাহ্ ও আম্র বিন উম্মে মাকতৃম
কুরাশী। আম্র ছিলেন অন্ধ।আর কুবায় ছিলেন সা'দ আল-কুর্য। মক্কায় আবূ মাহ্যূরাহ্ আওস বিন মুগীরাহ্
জুমাহী। (যাদুল মাআদ, ইবনুল কাইয়েম ১/১২৪)
আব্দুল্লাহ বিন যায়দ (রাঃ) এর বর্ণিত বিলাল (রাঃ) এর আযান ছিল নিম্নরুপ:-
اَللهُ أَكْبَر
(আল্লা-হু আকবার) ৪ বার।
أَشْهَدُ أَنْ لاَّ إِلهَ إِلاَّ الله
(আশহাদু আল লা ইলা-হা ইল্লাল্লা-হ্) ২ বার।
أَشْهَدُ أَنَّ مُحَمَّداً رَّسُوْلُ الله
(আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লা-হ্) ২ বার।
حَىَّ عَلَى الصَّلاَة
(হাইয়্যা আলাস স্বলা-হ্) ২ বার।
حَىَّ عَلَى الْفَلاَح
(হাইয়্যা আলাল ফালা-হ্) ২ বার।
اَللهُ أَكْبَر
(আল্লা-হু আকবার) ২ বার।
لا إلهُ إلاَّ الله
(লা ইলা-হা ইল্লাল্লা-হ্) ১ বার। (আহমাদ, মুসনাদ, আবৃদাঊদ, সুনান ৪৯৯নং)
আবৃ মাহ্যূরাহ্ (রাঃ) কে আল্লাহর রসূল (ﷺ) নিম্নরুপ আযান শিখিয়েছিলেন:-
اَللهُ أَكْبَر
(আল্লাহ সবার চেয়ে মহান) ৪ বার।
أَشْهَدُ أَنْ لاَّ إِلهَ إِلاَّ الله
```



```
(আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ভিন্ন কোন সত্য উপাস্য নেই।) ২বার চুপে চুপে।
أَشْهَدُ أَنَّ مُحَمَّداً رَّسُوْلُ الله
(আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (ﷺ) আল্লাহর রসূল।) ২ বার চুপে চুপে।
পুনরায় الشهَدُ أَنْ لاَ إِلهَ إِلاَ الله ২বার উচ্চস্বরে।
أَشْهَدُ أَنَّ مُحَمَّداً رَّسُوْلُ الله
২বার উচ্চস্বরে।
حَىَّ عَلَى الصَّلاَة
(এস নামাযের জন্য) ২ বার।
حَىَّ عَلَى الْفَلاَح
(এস মুক্তির জন্য) ২ বার।
اَللهُ أَكْبَر
(আল্লাহ সবার চেয়ে মহান) ২ বার।
لاَ إِلهُ إِلاَّ الله
(আল্লাহ ভিন্ন কোন সত্য মা'বৃদ নেই।) ১ বার।
আর এই আযানকে 'তারজী' আযান' বলা হয়। (আহমাদ, মুসনাদ, আবুদাউদ, সুনান ৫০০নং, তিরমিযী, সুনান,
নাসাঈ, সুনান, ইবনে মাজাহ্, সুনান)
ফজরের আযান হলে حَيَّ عَلَى الْفَلاَح এর পরে ২বার বলতে হয়,
اَلصَّالاَةُ خَيْرٌ مِّنَ النَّوْم
(আসস্বলা-তু খাইরুম মিনান্ নাওম। অর্থাৎ, নিদ্রা অপেক্ষা নামায উত্তম। (ঐ)
```

Source — https://www.hadithbd.com/books/link/?id=2804

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন